50

দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 16 AUG 1989
পৃষ্ঠা 2 কলাম ৬

ছাত্র সংঘর্ষের জের

# আলীয়া মাদ্রাসার গেটে ১জন ছুরিকাহত

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার সকাল প্রায় ১০টায় বকশী বাজারস্থ আলীয়া মাদ্রাসার গেটে ইসলামী ছাত্র শিবির কর্মী ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের ছাত্র আবু সালেক (২৪) ছুরিকাহত হয়েছে। সে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আছে। তার অবস্থা মোটামুটি বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

গত রোববার দিবাগত রাত প্রায় ২টায় বকশী বাজারস্থ আলীয়া মাদ্রাসা হোস্টেলে ইসলামী ছাত্রশিবির ও জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীদের মধ্যে সশস্ত্র সংঘর্ষের জের আবু সালেকের ছুরিকাঘাতের কারণ বলে জানা গেছে।